



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
বহিরাগমন-৫  
www.ssd.gov.bd



স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৪.৩৪.০১১.২০- ৫৪৭

তারিখ- ১৬ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ।  
০১ ডিসেম্বর, ২০২১ খ্রি।

বিষয়: আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান সংক্রান্ত।

সূত্র: সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯-৭১; তারিখ-১৬/০৬/২০২০ খ্রি।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যমান পরিস্থিতি বিবেচনা করে নিম্নোক্ত ক্যাটাগরির ব্যক্তিদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

ক. বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক এবং তাদের স্বামী/স্ত্রী/সন্তান;

খ. কুটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারী বিদেশী নাগরিক;

গ. বিদেশী বিনিয়োগকারী ও ব্যবসায়ী;

ঘ. বাংলাদেশ সরকারের আমন্ত্রণে কোন সরকারি সভা/সেমিনার/কনফারেন্স/অন্য কোন ইভেন্টে অংশগ্রহণের নিমিত্ত আগত বিদেশী নাগরিক;

প্রয়োজনবোধে বিশেষ বিবেচনায় সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বনুমতি সাপেক্ষে নির্দিষ্ট কোন ভ্রমণকারীকে Visa on Arrival প্রদান করা যেতে পারে।

০২। সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৪০.৩২.০০২.১৯-৭১; তারিখ-১৬/০৬/২০২০ খ্রি., এতদ্বারা বাতিল করা হলো।

০৩। আগমনী যাত্রীদের ক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত কোভিড-১৯ প্রটোকল অনুসরণ করতে হবে।

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তরফদার মাহমুদুর রহমান  
উপসচিব

ফোন-৯৫৭৭৮৮৬

E-mail: immi5@ssd.gov.bd

অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক  
স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/ সচিব,..... (সংশ্লিষ্ট সকল)।
- ৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিভা), ঢাকা।
- ৩। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

